Registered
No. C. 853

# জঙ্গিপুর সংবাদ

সাপ্তাহিক সংবাদ-পত্র

স্বর্গীয় সতীশচন্দ্র সরকার মহাশয়ের প্রতিষ্ঠিত

**হ্যানিম্যান হল**

মুর্শিদাবাদ জেলার আদি ও শ্রেষ্ঠতম
হোমিও প্রতিষ্ঠান

হোমিওপ্যাথিক ও বাইওকেমিক ঔষধ কলিকাতার দরে বিক্রয় হয়। পাইকারী গ্রাহকদের বিশেষ সুযোগ ও সুবিধা দেওয়া হয় আমরা যত্নের সহিত ভি. পি. যোগে মফঃস্বলে ঔষধ সরবরাহ করি।

হোমিও পেটেন্ট **"আইওলিন"**
চক্ষু ওঠায় ফল সুনিশ্চিত।

**হ্যানিম্যান হল,** খাগড়া, মুর্শিদাবাদ

বিঃ দ্রঃ—কোন ব্রাঞ্চ নাই।

**বহরমপুর এক্সরে ক্লিনিক**

জল গম্বুজের নিকট

পোঃ বহরমপুর ঃ মুর্শিদাবাদ

জেলার প্রথম বেসরকারী প্রচেষ্টা

★ বিশেষ যত্ন সহকারে রোগিদের এক্সরের সাহায্যে রোগ পরীক্ষা করিয়া ব্যবস্থা করা হয়।
★ যথা সত্বর কাজ করা আমাদের বিশেষত্ব।
★ কলিকাতার মত এক্সরে করা হয়।
★ দিবারাত্রি খোলা থাকে।

জেলাবাসীর সহানুভূতি ও সহযোগিতা প্রার্থনীয়।

৪৯শ বর্ষ } রঘুনাথগঞ্জ, মুর্শিদাবাদ—২৩শে আশ্বিন বুধবার ১৩৬৯ ইংরাজী 10th Oct. 1962 { ২২শ সংখ্যা



সকল ঘরের তরে...

**দীপ্তি লণ্ঠন**

ওরিয়েন্টাল মেটাল ইণ্ডাষ্ট্রীজ লিঃ ৭৭, বহুবাজার ষ্ট্রীট, কলিকাতা ১২

G. P. Service

**রান্নায় আনন্দ**

এই কেরোসিন কুকারটির অভিনব রন্ধনের ভীতি দূর করে রন্ধন-প্রীতি এনে দিয়েছে।

রান্নার সময়েও আপনি বিশ্রামের সুযোগ পাবেন। কয়লা ভেঙে উনুন ধরাবার পরিশ্রম নেই, অস্বাস্থ্যকর ধোঁয়া না থাকায় ঘরে ঘরে ঝুলও জমবে না।

জটিলতাহীন এই কুকারটির সহজ ব্যবহার প্রণালী আপনাকে তৃপ্তি দেবে।

- ধুলা, ধোঁয়া বা ঝঞ্ঝাটহীন।
- স্বল্পমূল্যে ও সম্পূর্ণ নিরাপদ।
- যে কোনো অংশ সহজলভ্য।



**খাস জনতা**

কেরোসিন কুকার

প্রস্তুতকারক:
দি ওরিয়েন্টাল মেটাল ইণ্ডাষ্ট্রীজ প্রাইভেট লিঃ
৭৭, বহুবাজার ষ্ট্রীট, কলিকাতা-১২

জঙ্গিপুর সংবাদ সাপ্তাহিক সংবাদপত্র।

বার্ষিক মূল্য ২'২৫ নঃ পঃ, নগদ মূল্য ০৬ নঃ পঃ। বিজ্ঞাপনের হার প্রতিবার প্রতি লাইন ৫০ নঃ পঃ। দুই টাকার কমে কোন বিজ্ঞাপন ছাপান হয় না। স্থায়ী বিজ্ঞাপনের জন্য পত্র লিখুন। ইংরাজী বিজ্ঞাপনের দর বাংলার দ্বিগুণ।

বিনীত—শ্রীবিনয়কুমার পণ্ডিত, পোঃ রঘুনাথগঞ্জ (মুর্শিদাবাদ)

হাতে কাটা
**বিশুদ্ধ পৈতা**
পণ্ডিত-প্রেসে পাইবেন।

সৰ্ব্বেভ্যো দেবেভ্যো নমঃ।

# জঙ্গিপুর সংবাদ

২৩শে আশ্বিন বুধবার সন ১৩৬৯ সাল।

## বিজয়ার সম্ভাষণ ও আলিঙ্গন

আমরা চিরাচরিত প্রথানুসারে আমাদের গুরুজনকে প্রণাম, সমবয়স্কগণকে নমস্কার ও বয়ঃকনিষ্ঠগণকে শুভেচ্ছাসহ স্নেহাশীর্ব্বাদ জ্ঞাপন করিতেছি।

আমরা সুদীর্ঘ উনপঞ্চাশ বৎসর কাল জঙ্গিপুর মহকুমাবাসীর সহানুভূতি ও সহযোগিতা লাভ করিয়া এই ক্ষুদ্র সাপ্তাহিক সংবাদপত্র পরিচালনা করিতেছি। জনগণের ঐকান্তিক সহযোগিতাই আমাদের মূলধন।

আমাদের এমন পাঠক পাঠিকা, গ্রাহক গ্রাহিকা ও বিজ্ঞাপনদাতা আছেন যাঁহারা জঙ্গিপুর সংবাদের জন্মাবধি সম্পর্ক রাখিয়া স্বজন বা আত্মীয়ের মত হিতাকাঙ্ক্ষী। আমরা তাঁহাদের মর্য্যাদানুসারে অভিবাদন জানাইতেছি।

---

## বিজয়োৎসব

—০—

ত্রেতাযুগে রাবণ বধের জন্য রামচন্দ্র মা দুর্গার অকাল বোধন করিয়া শরৎকালে আরাধনা করিয়া সীতা উদ্ধার করেন। এই বিজয় লাভ হইতে আশ্বিন শুক্লা দশমী বিজয়া দশমী বলিয়া অভিহিত। অকাল হইলেও রামচন্দ্রের অনুকরণে এই মহাপূজা অনুষ্ঠিত হইতেছে।

## কৈলাসে দেবর্ষি নারদ

খাম্বাজ—একতালা

দীনতারিণী, দুরিতহারিণী, সত্ত্ব-রজঃ-তম
ত্রিগুণধারিণী
সৃজন-পালন-নিধনকারিণী
সগুণা-নির্গুণা সর্ব্বস্বরূপিণী।
ত্বং হি কালী তারা পরমা প্রকৃতি,
ত্বং হি মীন কূর্ম্ম বরাহ প্রভৃতি,
ত্বং হি জলস্থল অনিল অনল
ত্বং হি ব্যোম ব্যোমকেশ প্রসবিনী।
সাঙ্খ্য পাতঞ্জল মীমাংসক ন্যায়,
তন্ন তন্ন জ্ঞানে ধ্যানে সদা ধ্যায়,
বৈশেষিক বেদান্ত, ভ্রমে হ'য়ে ভ্রান্ত,
তথাপি অদ্যাপি চিনিতে পারিনি।
নিরুপাধি আদি অন্ত রহিত,
সাধিতে সাধক জনার হিত,
গণেশাদি পঞ্চরূপে কাল বঞ্চ,
কালভয়হরা ত্রিকালবর্ত্তিনী।
সাকার সাধকে তুমি সে সাকার,
নিরাকার উপাসকে নিরাকার,
কেহ কেহ কয় ব্রহ্মজ্যোতির্ম্ময়,
সেই তুমি নগ-তনয়া জননী।
যে অবধি যার অভিসন্ধি রয়,
সে অবধি সে পরম ব্রহ্ম কয়,
তৎপরে তুরীয়, অনির্ব্বচনীয়
সকলি তুমি মা ত্রিলোকব্যাপিনী।

***( হর-পার্ব্বতী একাসনে উপবিষ্ট )***

মহাদেব—গান শুনেই বুঝেছি দেবর্ষি নারদ। তোমার মায়ের গুণগান করতে করতে শিবপুরে আগমন বুঝি বিজয়ার পর আমার অপমান করতে আসা! প্রতি বৎসর এসে তুমি প্রথমে পার্ব্বতীকে প্রণাম করে পরে আমাকে প্রণাম কর। এ যেন গান গাইতে গাইতে এলে তোমার মায়ের। এবার যদি তাই কর সইব না। তোমাকে আবার গন্ধর্বলোকে জন্ম নিতে হবে।

নারদ—গাঁজা খেয়ে খেয়ে বিধি ব্যবস্থা সব ভুলে যদি যা তা করেন তবে কি করবো! শাস্ত্রে বলে—

"মাতরং পিতরঞ্চোভৌ দৃষ্টা পুত্রস্তু ধর্ম্মবিৎ।
প্রণম্য মাতরং পশ্চাৎ প্রণমেৎ পিতরং গুরুম্॥"

পার্ব্বতী—বাবা নারদ এবার ওঁকেই আগে প্রণাম কর, আমি তোমাকে অনুমতি দিচ্ছি।

নারদ—মা! জেনে শুনে বিধি লঙ্ঘন করা আমার দ্বারা হবে না। তাতে যদি শিব-কোপানলে দগ্ধ হই তাও শ্রেয়।

মহাদেব—তাই করে দেখ ফল কি হয়।

নারদ—বেশ! তবে শাস্ত্র না মানেন—কাব্য কি ব্যাকরণ যেন লঙ্ঘন না করা হয়। সুর ও ছন্দের অপমান করবেন না।

হরপার্ব্বতী একাসনে উপবিষ্ট, নারদ তাঁহাদের সম্মুখে দণ্ডায়মান হইয়া করযোড়ে বলিলেন—

"নমামি গিরিজামাতঃ
প্রথমং ভক্তি পূর্ব্বকং।"

মহাদেব—নারদ! দণ্ডগ্রহণ করার জন্য প্রস্তুত হও। তোমার গিরিজা যাকে "প্রথম" শব্দ উচ্চারণ করলে তো!

নারদ—কর্ম্মধারয় ছাড়া অন্য কিছু হয় না বুঝি?

মহাদেব—হা হা হী হী করে হেসে বল্লেন—নারদ! আমাকে ষষ্ঠী তৎপুরুষে প্রণাম করেছ। বাঃ বাঃ নারদ আজ তোমারই বিজয়! আমি বিজিত। তুমি "গিরিজামাতঃ" বলতেই আমি বুঝেছি "গিরিজা" যে মাতা তাঁকেই সম্বোধন করে বলেছো। সত্যি নারদ গাঁজা ছাড়াও কঠিন। নন্দী বেটা আমার প্রসাদ পাবার লোভে মিনিটে মিনিটে গাঁজা সাজে। লক্ষীর বাবা হ'য়ে ভিক্ষাজীবী। এখন দেখছি সমাস ভুলেছি। সরস্বতীও ছাড়ে বুঝি! বলিহারী নারদ! একই শব্দে হর ও পার্ব্বতী দুইকেই প্রণাম ক'রে আমার দর্পচূর্ণ করেছ।

পার্ব্বতী = গিরিজামাতঃ ( কর্ম্মধারয় )

হর = গিরি-জামাতঃ ( ষষ্ঠী তৎপুরুষ )

নারদের শব্দ গঠনে পাণ্ডিত্য দেখে গণেশ ও সরস্বতী দুজনেই মহাদেবকে অনুরোধ করে বললেন—বাবা! দেবর্ষি যখন আজ আপনার কাছে কৃতিত্ব দেখিয়েছেন, আধুনিক রীতি অনুসারে ওঁকে একটা উপাধি দেওয়া উচিত।

মহাদেব—নারদ শব্দও যে বিচিত্র শব্দ। শোন তবে

"নাকারঃ সৃষ্টি কর্ত্তাচ দকারঃ পালক সদা।
রেফঃ সংহারকশ্চৈব নারদঃ পরিকীর্ত্তিতঃ॥"

অর্থাৎ না ( সৃষ্টিকর্ত্তা ) + র ( সংহারকর্ত্তা ) + দ ( পালনকর্ত্তা )

মা পার্ব্বতী নারদকে অন্নপূর্ণা মূর্ত্তিতে আহারে পরিতৃপ্ত করিলেন। এক ভিকারীর ঘরে নারদ—মা জগদম্বে, আমি যে দিন দেখি ঝোলায় চাল নাই—কাতর কণ্ঠে বলি—"মা অন্নদে আজ কি হবে মাগো!" প্রতিধ্বনি বলে "মাগো"। আমি তখন দ্বারে দ্বারে মাগি!

---

## ॥ শ্রীশরৎচন্দ্র পণ্ডিতকে ( দা'ঠাকুর ) ॥

'কলির বামুন' জানাই তোমারে আমার নমস্কার
ভক্তি-আনত-চিত্তের মোর নীরব শ্রদ্ধাভার!
লোভী ব্রাহ্মণ, ক্রোধী ব্রাহ্মণ, শঠ ও উৎপীড়ক
কত না শুনেছি চারিদিকে আজ ধূর্ত, প্রবঞ্চক;
ব্রাহ্মণ আজ ভয় করে দিতে আপনার পরিচয়,
আজো তুমি আছ শেষ ব্রাহ্মণ গাহিছে
তোমার জয়।

আজো ব্রাহ্মণ হয়নিক শেষ, মনে প্রাণে
বেঁচে আছে,
ঐশ্বর্য্যের শত প্রলোভন পরাজিত যার কাছে,
যার উপবীত তুচ্ছ করেছে রাজার অহঙ্কার,
শত কশাঘাতে ছিন্ন করেছে দর্পীরে বারবার,
দুর্ব্বাসা সম হৃদয়ে যাহার সত্যের হুতাশন,
সেই দরিদ্র ব্রাহ্মণ-পদ করি আজ বন্দন।

অর্থের চেয়ে মানবতা বড় ব্রাহ্মণ তুমি জানো,
তাই তুমি আজো দীন ব্রাহ্মণ সকল হৃদয়ে টানো।
ছিন্ন বস্ত্র, নগ্নগাত্র, চলেছো পদব্রজে,
কুণ্ঠাবিহীন উদার পথিক সব সঙ্কোচ ত্যজে।
তবুও তোমার পথের দুধারে ঝরিছে নমস্কার,
কাছের মানুষ সহজ মন্ত্রে খুলেছো সকল দ্বার।

কত দরিদ্র, কত না মূর্খ সবাকার দা'ঠাকুর,
সহজ প্রেমের সরল হাসিতে মলিনতা কর দূর।
তুমি পণ্ডিত, তুমি বিদ্বান এই পরিচয় নয়,
ভালোবাসা দিয়ে সকল মানবে করিয়াছ তুমি জয়।
হাসিয়াছ তুমি, হাসায়েছো তুমি, ব্যঙ্গে ও
কৌতুকে,
অন্যায় যেথা, সেথা দুর্ব্বাসা দাঁড়ায়েছ তুমি রুখে।

স্বপ্ন-বিভল জীবনের পথে নহে তব অভিসার,
বীর সৈনিক তোমার জীবনে সংগ্রাম অনিবার।
সেই আনন্দ জীবনে তোমার, তুমি আজো
সংগ্রামী,
হে রথী! তোমার রথের চক্র আজিও
যায়নি থামি।
ক্ষত বিক্ষত হয়েছে যাহারা তোমার তীক্ষ্ণ শরে,
তারাও জানায় প্রণাম তোমায় পরম শ্রদ্ধাভরে।

কত যুগ হ'ল আজো তুমি দেখি দ্রোণাচার্য্যের মত
ব্রাহ্মণ হ'য়ে ক্ষত্রিয় সম নিলে যুদ্ধের ব্রত।
ক্লান্তি বিহীন হে বিজয়ী বীর সপ্ত অশ্বরথে,
তুমি দিবানিশি ছুটিয়া চলেছো, দিগ্বিজয়ের পথে।
এক চোখে তব জ্বলিছে অনল, আর চোখে কৌতুক
পথের দুধারে মোরা চেয়ে আছি বিস্ময়-উন্মুখ।

বলরাম রায় চৌধুরী



## ॥ পশ্চিমবঙ্গে সেচ ব্যবস্থার উন্নয়ন ॥

১৯৪৭-৪৮ সালের গোড়ার দিকে পশ্চিমবঙ্গ সরকারের সেচ এবং জলপথ বিভাগের পরিকল্পের আওতায় সেচযোগ্য জমি ছিল মোট ৩,৫৪,৩৯৭ একর। প্রথম পরিকল্পনার শেষে সেটা বেড়ে গিয়ে ৭,২১,০০০ একরে দাঁড়ায় এবং দ্বিতীয় পরিকল্পনার শেষে দাঁড়ায় ১৭,৩২,০০০ একরে। তৃতীয় পরিকল্পনাকালে সেচ-ব্যবস্থার সুযোগ-সুবিধা আরও বাড়ানো হচ্ছে।

১৯৫৫-৫৬ সালে সেচ এবং জলপথ বিভাগের ছোট ও মাঝারি জল-নিকাশী পরিকল্প অনুসারে ৪,৮৩,০০০ একর জমি সেচের সুযোগ পেয়েছে। ১৯৬০-৬১ সালের শেষে সেই সুযোগ ৮,১৬,০০০ একর জমিতে সম্প্রসারিত করা সম্ভব হয়েছে। ১৯৫৫-৫৬ সালের শেষে বন্যা নিরোধ ব্যবস্থার সাহায্যে ৮২,০০০ একর জমি রক্ষা পায় এবং ১৯৬০-৬১ সালের শেষে এইভাবে রক্ষা পায় ২,৩৪,০০০ একর জমি।

সেচ ব্যবস্থার উন্নয়ন ও সম্প্রসারণের মধ্য দিয়ে গ'ড়ে উঠছে।

## । সুসমৃদ্ধ পশ্চিমবঙ্গ ।



### চোলাই মদ

স্থানীয় আবগারী পুলিশ রঘুনাথগঞ্জ সহর সংলগ্ন বালিঘাটার শ্রীলোহারাম বাগদী ও শ্রীজটা হালদারের বাড়ী খানাতল্লাস করিয়া অনেক মদ আটক করিয়াছেন। আসামীরা জামিনে খালাস আছে।

---

### বে-আইনী আফিম ও গাঁজা

বিগত ৩০শে সেপ্টেম্বর মুর্শিদাবাদের একসাইজ সুপারিণ্টেণ্ডেণ্ট মহাশয়ের নির্দেশে কান্দীর আবগারী দারোগা শ্রীসুনীলকুমার বোস ও জঙ্গিপুরের কনষ্টেবল শ্রীধনঞ্জয় দাস ধুলিয়ানের সামসুল সেখ নামীয় এক ব্যক্তির দোকানঘর তল্লাস করিয়া আধ সের আফিম ও পাঁচ সের গাঁজা উদ্ধার করিয়াছেন। উক্ত জিনিসের মূল্য আনুমানিক এক হাজার টাকা।

---

### ইনফ্লুয়েঞ্জার প্রকোপ

প্রায় দেড় মাস হইতে এখানকার সহর ও পল্লীগ্রামের প্রত্যেক পল্লীতে ইনফ্লুয়েঞ্জা রোগ দেখা দিয়াছে। অনেক বাড়ীতে একসঙ্গে প্রত্যেকেই উক্ত জ্বরে ভুগিতেছেন। এই রোগের হাত হইতে বৃদ্ধ, যুবা, কিশোর, বালক ও শিশু কেহই বাদ পড়ে নাই। ৭।৮ দিন রোগ ভোগ করিলেই এক মাসের রোগীর মত অবস্থা হইতেছে। মধ্যবিত্ত গৃহস্থ ও গরীবেরা ঔষধ পথ্য সংগ্রহ করিতে হিমসিম খাইতেছে।

